উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি মোঃ আবদুল মালেক
উপজেলা নির্বাহী অফিসার

সভার তারিখ : ৩১ অক্টোবর, ২০১৯খ্রিঃ।

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মির্জাপুর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সদস্য সচিবকে বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান জানানো হয়। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা, সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাব সমূহে ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **<u>আইসিটি কার্যক্রম পরিদর্শন বিষয়ে সরকারী দপ্তর/ইউনিয়ন পরিষদে সরাসরি ভ্রমণ ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান কর্মসূচীঃ</u>**<br><br>সরকারী দপ্তর ও ইউনিয়ন পরিষদ সমূহে চলমান ই-নথি, ওয়েবপোর্টালসহ অন্যান্য আইসিটি কার্যক্রম ত্বরান্বিত করার তাগিদে উপজেলা সহকারী প্রোগ্রামার কর্তৃক সরকারী দপ্তরে নিয়মিত ভ্রমণ ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান কর্মসূচী চালুকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও পরবর্তী আইসিটি কমিটির সভায় উক্ত পরিদর্শন কার্যক্রমের রিপোর্ট প্রদান বিষয়েও আলোচনা করা হয়। | ১.১। সরকারী দপ্তর সমূহ হতে মতামত গ্রহণের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর সমূহের সুবিধাজনক সময় ও তারিখ নির্ধারনপূর্বক দপ্তর ভ্রমণ ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান কর্মসূচীর জন্য মাসিক সময়সূচী প্রস্তুত ও প্রচার করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। একইভাবে ইউনিয়ন পরিষদ সমূহের জন্য আলাদা ভ্রমণ সময়সূচী প্রস্তুত ও প্রচার করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৩। ঘোষিত কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট দপ্তর/ইউনিয়ন পরিষদ সমূহ কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করণ বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৪। মাসিক পরিদর্শন কর্মসূচীর রিপোর্ট পরবর্তী আইসিটি কমিটির সভায় উপস্থাপন বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মির্জাপুর উপজেলাস্থ সকল ইউপি চেয়ারম্যানগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০২ | **<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাশ রুমসহ অন্যান্য কম্পিউটার ল্যাব এর যথাযথ ব্যবহার বিষয়ে সরাসরি ভ্রমণ ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান কর্মসূচীঃ</u>**<br><br>শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাশ রুমসহ অন্যান্য কম্পিউটার ল্যাব এর যথাযথ ব্যবহার নিশ্চিত করণের তাগিদে উপজেলা সহকারী প্রোগ্রামার কর্তৃক সরাসরি কম্পিউটার ল্যাবের ব্যবহার কার্যক্রম পরিদর্শনসহ বিশেষত শিক্ষকদের জন্য সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান এবং আইসিটি কমিটির সভায় উক্ত পরিদর্শন ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ কর্মসূচীর রিপোর্ট প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | ২.১। কম্পিউটার ল্যাবের ব্যবহার কার্যক্রম পরিদর্শন ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান কর্মসূচীর জন্য মাসিক সময়সূচী প্রস্তুত ও প্রচার করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২। ঘোষিত কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সমূহ কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করণ বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩। মাসিক পরিদর্শন কর্মসূচীর রিপোর্ট পরবর্তী আইসিটি কমিটির সভায় উপস্থাপন বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **<u>সরকারী দপ্তর কর্তৃক নির্বাচিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য সাধারণ আইসিটি কার্যক্রম ও বেসিক আইসিটি বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচীঃ</u>**<br><br>ইতোমধ্যে গত সেপ্টেম্বর/২০১৯ মাসের আইসিটি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সকল দপ্তরের নিকট আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারীর তথ্য চাওয়া হয়েছে। পরবর্তীতে সকল নির্বাচিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য সাধারণ আইসিটি কার্যক্রম ও বেসিক আইসিটি বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১। প্রত্যেক সরকারী দপ্তর হতে ০১ (এক) জন করে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তাঁর তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.২। সকল নির্বাচিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য সাধারণ আইসিটি কার্যক্রম ও বেসিক আইসিটি বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০৪ | **<u>ইনথি, পোর্টাল, অন্যান্য আইসিটি সেবা এবং শেখ রাসেল ডিজিটাল ল্যাব তথা কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাশরুম ব্যবহারের উপর ত্রৈমাসিক পুরস্কার প্রদান কর্মসূচীঃ</u>**<br><br>০১) সরকারী দপ্তর কর্তৃক ইনথি ও পোর্টাল বাস্তবায়নে প্রাপ্ত তথ্য বিবেচনাপূর্বক ত্রৈমাসিকভাবে পুরস্কার প্রদান, ০২) পোর্টালসহ ইউনিয়ন ডিজিটাল সেন্টার কর্তৃক প্রদত্ত সেবা কার্যক্রম বিবেচনাপূর্বক ত্রৈমাসিকভাবে পুরস্কার প্রদান এবং ০৩) শেখরাসেল ডিজিটাল ল্যাব তথা কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাশরুম ব্যবহার বিবেচনাপূর্বক ত্রৈমাসিকভাবে পুরস্কার প্রদান কর্মসূচী চালুকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১। আগামী ডিসেম্বর/২০১৯ মাসের উপজেলা উন্নয়ন কমিটির সভায় উল্লেখিত তিন ক্যাটাগরির পুরস্কার প্রদান কর্মসূচী সূচনা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মির্জাপুর উপজেলাস্থ সকল ইউপি চেয়ারম্যানগণ।<br>৩। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>৪। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০৫ | **<u>ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনাঃ</u>**<br><br>সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে সরকারী দপ্তর/প্রতিষ্ঠান এর পোর্টালের যথাযথ ব্যবহার করণ জন-গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যক হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য ও সকল কর্মকর্তা-কর্মচারী/জনপ্রতিনিধির তথ্য স্ব স্ব দপ্তর পোর্টালে সংযোজন ও নিয়মিত হালনাগাদ করণ এবং প্রয়োজনে উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট কারিগরি সহায়তা গ্রহণ করা বা তাঁর সাথে যোগাযোগপূর্বক ইমেইল (moshi.ape@gmail.com) যোগে হালনাগাদ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মির্জাপুর উপজেলাস্থ সকল ইউপি চেয়ারম্যানগণ।<br>৩। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>৪। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **<u>ই-নথি সিস্টেমের বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদানঃ</u>**<br><br>সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনা সমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসণ রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৩ জুলাই ২০১৭ তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮ সংখ্যক স্মারক পত্রে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্রগ্রহণ, পত্রজারিকরার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায় ইনথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তর সমূহ কর্তৃক ইনথি কার্যক্রম ত্বরানিত করণ এবং জাইকার অর্থায়নে আগামী ২৫-২৬, ২৭-২৮ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ইনথি প্রশিক্ষণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৬.১। ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তর (উপজেলা নির্বাহী অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা ভূমি অফিস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ইউ.আই.টি.আর.সি.ই, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস) সমূহকে ক্রমান্বয়ে পুরোপুরি ই-নথি সিস্টেমে কম্পিউটার ও মোবাইল অ্যাপের মাধ্যমে পত্রগ্রহণ, পত্রজারিকরণ এবং উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট প্রয়োজনীয় কারিগরি সহায়তা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.২। এটুআই প্রোগ্রাম হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক নির্ধারিত সরকারী দপ্তর সমূহ কর্তৃক সংশ্লিষ্ট দপ্তর প্রধানসহ দাপ্তরিক নথি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীর (৩য় শ্রেণি) তথ্য প্রেরিত তথ্যছক মোতাবেক হার্ডকপি প্রস্তুতপূর্বক অতিসত্বর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।<br>২। মির্জাপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, মির্জাপুর, টাঙ্গাইল। |

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ করেন এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল মালেক
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৯৩৬৬.০০১.০৬.০০১.১৯.৬

তারিখ: ১৫ কার্তিক ১৪২৬
৩১ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব এ.কে.এম রহমাতুল্লাহ (১৮৪ ঢাকা-১১), মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

২) জনাব জুনাইদ আহমেদ পলক (৬০ নাটোর-৩), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৩) জনাব বেনজীর আহমদ (১৯৩ ঢাকা-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৪) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক (১৬৫ কিশোরগঞ্জ-৪), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৫) জনাব ফাহ্‌মী গোলন্দাজ বাবেল (১৫৫ ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৬) জনাব আহমেদ ফিরোজ কবির (৬৯ পাবনা-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৭) জনাব মোঃ নুরুল আমিন (২৬১ চাঁদপুর-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৮) বেগম মনিরা সুলতানা (৩২৬ মহিলা আসন-২৬), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী

কমিটি।

৯) বেগম জাকিয়া পারভীন খানম (৩১৮ মহিলা আসন-১৮) , মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

১০) বেগম অপরাজিতা হক (৩২০ মহিলা আসন-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

১১) জনাব আলহাজ মোঃ একাব্বর হোসেন (১৩৬ টাঙ্গাইল-৭), মাননীয় জাতীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ।

১২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

১৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।

১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।

১৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।

১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮) জনাব মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।

১৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, টাঙ্গাইল।

২০) সহকারী কমিশনার (ভূমি) / অধ্যক্ষ, মির্জাপুর সরকারি কলেজ / উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা / উপজেলা কৃষি অফিসার / উপজেলা মৎস্য কর্মকর্তা / অফিসার ইন-চার্জ / উপজেলা প্রকৌশলী / প্রধান শিক্ষক, সরকারি এসকে পাইলট উচ্চ বিদ্যালয় / অধ্যক্ষ, খলিলুর রহমান কলেজ / উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার / উপজেলা সমাজসেবা অফিসার / প্রধান শিক্ষক, দেওহাটা এ.জে উচ্চ বিদ্যালয় / সহকারী ম্যানেজার, বিটিসিএল / পরিচালক, হেলপ কম্পিউটার ট্রেনিং সেন্টার / তথ্য সেবা কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল (কমিটির সকল সদস্যবৃন্দ)।

২১) উপজেলা……..…………………….অফিসার(সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

২২) ইউপি চেয়ারম্যান (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

২৩) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাশরুম বা অন্যান্য কম্পিউটার ল্যাবযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

(মোঃ মশিউর রহমান)
সহকারী প্রোগ্রামার (ও সদস্য সচিব, উপজেলা
আইসিটি কমিটি), মির্জাপুর, টাঙ্গাইল।